

25

উচ্চ শিক্ষায় শিক্ষা সফর

শিক্ষামূলক ভ্রমণ— শিক্ষার একটি বিশেষ মাধ্যম। আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় এর গুরুত্ব খুব একটা বেশী পরিলক্ষিত না হলেও উচ্চ শিক্ষার ক্ষেত্রে পাঠ্য সূচীতে শিক্ষামূলক ভ্রমণ বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে।

উচ্চ মাধ্যমিক পর্যায়ে থেকে শুরু করে স্নাতক এবং স্নাতকোত্তর শ্রেণীর কোন কোন বিষয়ে শিক্ষামূলক ভ্রমণ পাঠ্যসূচীতে উল্লেখ থাকায় শিক্ষার্থীরা এতে খুব উৎসাহ বোধ করেন। বছরের শেষ পর্যায়ে শিক্ষার্থীরা দেশের বিভিন্ন ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ স্থানসমূহে যাওয়ার একটা বিশেষ সুযোগ খোঁজেন। প্রত্যক্ষভাবে কোন কিছু দেখে শেখার আগ্রহ তাদের প্রবল থাকে। কিন্তু আর্থিক

অসুবিধা হেতু প্রায় সময় তাদের এই ইচ্ছা পূরণ হয় না। ফলে শিক্ষা জীবনে তারা এ সুযোগ থেকে বঞ্চিত হয়ে থাকেন।

স্নাতক এবং স্নাতকোত্তর শ্রেণীতে বিজ্ঞান বিভাগের লেখাপড়ায় শিক্ষামূলক ভ্রমণ বাধ্যতামূলক রয়েছে। বিশেষ করে জীব বিজ্ঞান (উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা) বিষয়ে। বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীরা এ সুযোগ পেলেও কলেজ পর্যায়ের শিক্ষার্থীরা প্রতিবছর এ সুযোগ পায় না। মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদফতর থেকে এ ব্যাপারে কখনো আর্থিক অনুদান দেয়া হয়। কেবল মাত্র তখন কলেজ পর্যায়ের শিক্ষার্থীরা এ সুযোগ পেয়ে থাকেন। এ ছাড়া নিজস্ব অর্থে অনেক কলেজ এর ব্যবস্থা করলেও সকল শিক্ষার্থীর

পক্ষে শিক্ষা ভ্রমণে যাওয়া সম্ভব হয় না। ফলে তাদের আশা-আকাঙ্ক্ষা অসম্পূর্ণ থেকে যায় এবং পরীক্ষার সময় তারা এ বিষয়ে আশানুরূপ নম্বর পাওয়া থেকেও বঞ্চিত হয়।

বিষয়টির আমূল পরিবর্তনের লক্ষ্যে শিক্ষামন্ত্রণালয়ের সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়নের বিশেষ প্রয়োজন রয়েছে। শিক্ষা ব্যবস্থায় পদ্ধতিগত দিক থেকে শিক্ষা ভ্রমণ এক অভূতপূর্ব সাফল্য বয়ে আনতে পারবে এবং সেইসাথে শিক্ষার্থীরা দেশের প্রকৃতি ও পরিবেশের সাথে পরিচিত হয়ে ভবিষ্যত কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারবে— এ কথা অনস্বীকার্য। শিক্ষা ব্যবস্থায় এ পদ্ধতিকে সাফল্য মণ্ডিত করতে হলে শিক্ষা মন্ত্রণালয়ের যথাযথ ব্যবস্থা গ্রহণসহ এতদবিষয়ে শিক্ষার্থীদের উৎসাহ ও অনুপ্রেরণা

দিয়ে, সব রকম সাহায্য ও সহযোগিতা দিয়ে তাদের জ্ঞান অর্জনের পথকে সুগম করা একান্ত প্রয়োজন।

—অধ্যাপক মুহম্মদ ওয়ালিউল ইসলাম

স্কুল সরকারীকরণের আবেদন

মুন্সীগঞ্জ জেলার বিক্রমপুরের শ্রীনগর পাইলট উচ্চ বিদ্যালয়ে শিক্ষকের স্বল্পতা ও শিক্ষা উপকরণের অভাবে বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ বিগ্নিত হচ্ছে। মুন্সীগঞ্জের শ্রেষ্ঠ বিদ্যালয় হিসেবে গত বছর এই বিদ্যালয়টি বিশেষ খ্যাতি অর্জন করেছে।

শ্রীনগর পাইলট উচ্চ বিদ্যালয় সরকারীকরণের মাধ্যমে এলাকার শিক্ষার পরিবেশ আরো ব্যাপক ও ফলপ্রসূ করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

এস, এম হাসান,
উত্তর পাইকসা, শ্রীনগর,
বিক্রমপুর, মুন্সীগঞ্জ।